গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর
(স্থানীয় সরকার শাখা)
(www.faridpur.gov.bd)

স্মারক নং-০৫.১২.২৯০০..০১০.১১.০০৪.১৯.৪৪৩ তারিখঃ ০৯ আশ্বিন, ১৪২৬ / ২৪ সেপ্টেম্বর, ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ শাখার ০৭ জুলাই ২০১৯ তারিখে ৪৬.০০.০০০.০১৮.০৪.০০১.১৭-২৩৪ এবং ০৮ জুলাই ২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭-২৩৫ নং স্মারকের জারিকৃত ছাড়পত্রের প্রেক্ষিতে ফরিদপুর জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে "হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর" শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর	টা: ৯৩০০-২২৪৯০/- জাতীয় বেতন স্কেল-২০১৫ (গ্রেড-১৬)	৫২ (বায়ান্ন) টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং গ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ এবং ইংরেজী ২০ (বিশ) শব্দ।

শর্তাবলী

০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ফরিদপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.mopa.gov.bd ওয়েবসাইট অথবা জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর-এর www.faridpur.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

০৩। আবেদন পত্রের সাথে জেলা প্রশাসক, ফরিদপুর বরাবরে যে কোন তফসিলী বাণিজ্যিক ব্যাংক থেকে উত্তোলনযোগ্য ৪০০/- (চারশত) টাকা মূল্যের (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

০৪। আবেদনকারীর স্বহস্তে পূরণকৃত ফরম জেলা প্রশাসক, ফরিদপুর বরাবর আগামী ২৫/১০/২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতীত) ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরিত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত দরখাস্তসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। প্রার্থীকে খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৭। আগামী ২৫/১০/২০১৯ খ্রি. তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৮। বিধি মোতাবেক নিয়োগ প্রাপ্ত ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরদের বেতনের ৭৫% সরকার কর্তৃক এবং অবশিষ্ট ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় হতে প্রদেয় হবে।

৯। আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত)।

খ) আবেদনকারীকে কম্পিউটার (এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ও ই-মেইল ইত্যাদি) চালনায় পারদর্শী হতে হবে এবং এ সংক্রান্ত অভিজ্ঞতা/ প্রশিক্ষণের সনদপত্র সাথে সংযুক্ত করতে হবে।

গ) ফরিদপুর পৌরসভার মেয়র/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ ও জন্ম নিবন্ধন সনদ।

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) ডাকযোগে ইন্টারভিউ কার্ড প্রেরণের লক্ষ্যে নিজের নাম ঠিকানা সম্বলিত ৯"×৪" সাইজের একটি আলাদা খাম, ১০ (দশ) টাকার ডাক টিকিটসহ আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১০। চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন পত্র পৌঁছাতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১১। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা কোটা, উপজাতি কোটা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা, মহিলা কোটা, আনসার ও ভিডিপি কোটা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটাসহ সরকারি সকল বিধিবিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসাবে বিবেচনা করা হবে।

১২। মহিলা প্রার্থীগণের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

১৩। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে সরকারি নির্দেশনার আলোকে যে কোন শর্ত সংযোজন, বিয়োজন ও সংশোধন করতে পারবে।

১৪। কোন তথ্য গোপন/ ভুল তথ্য প্রদান/ পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে, চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলেও প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শিতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিতপ্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/ দাখিল করতে হবে।

১৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার বিষয়ক ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৭। চাকুরীর বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ/পরোক্ষ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য করা হবে।

১৮। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৯। নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ অধিশাখার ০৩/১০/২০১৬ খ্রিঃ তারিখের ৪৬.০১৮.০২২.০০. ০০.০১৪.২০১৫ (অংশ-২)-৫৮১ নং স্মারকে ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটরের সৃজিত পদে তালিকাভুক্ত যে কোন ইউনিয়ন পরিষদে বদলি/ পদায়ন করার ক্ষমতা সংরক্ষণ করবে।

২০। বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে রিট পিটিশন নং ১১৪৭৬/২০১৭ হতে উদ্ভূত লীভ টু আপীল মামলা নং-৪৫২/২০১৮ এর গত ০৫/০২/২০১৮ তারিখে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশ প্রতিপালন করা হবে।

২১। এ কার্যালয়ের স্মারক নং০৫.১২.২৯০০.০১০.১১.০০৫.১৭.২২, তারিখ ১৮ জানুয়ারি ২০১৭ খ্রি: মূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম-কম্পিউটার পদে যারা আবেদন করে প্রবেশপত্র পেয়েছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

২২। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

(অতুল সরকার)
জেলা প্রশাসক
ফরিদপুর
ফোন: ০৬৩১-৬৩০২২
ফ্যাক্স: ০৬৩১-৬৫০৫৯
(Email: dcfaridpur@gmail.com)

স-২৬৯৩ (১০×৩)